

আমার দেশ

স্বাধীনতার কথা বলে



অমিয়া মতিনের তিন অ্যালবাম

বিনোদন রিপোর্ট



গেল মাসে একসঙ্গে তিনটি গানের অ্যালবাম প্রকাশ করেছেন অস্ট্রেলিয়া প্রবাসী বাংলাদেশী কণ্ঠশিল্পী অমিয়া মতিন। তার প্রকাশিত অ্যালবামগুলো হলো—শেখ সাদী খানের সুরে ‘অন্তবিহীন যাত্রী’, বাসুর সুরে ‘স্বরলিপি’ এবং সাদী মুহম্মদের সঙ্গে হারানো দিনের গানের ডুয়েট অ্যালবাম ‘কে প্রথম কাছে এসেছি’। এর মধ্যে ‘অন্তবিহীন যাত্রী’ ও ‘কে প্রথম কাছে এসেছি’ অ্যালবাম দুটি প্রকাশ করেছে কাশফুল মিডিয়া। ‘স্বরলিপি’ এসেছে লেজার ডিশনের ব্যানারে। নতুন এই অ্যালবাম নিয়ে অমিয়া মতিন বললেন, ‘একসঙ্গে একমাসেই তিনটি অ্যালবাম প্রকাশ করা মানে কিন্তু নেতিবাচক ভাবনার সুযোগ নেই। আমি অনেক সময় নিয়েই অ্যালবামের গান সাজিয়েছি। আমি প্রবাসী। সেখানে থেকেই অ্যালবাম সংশ্লিষ্ট সবার সঙ্গে যোগাযোগ করে ভালো কাজের চেষ্টা করেছি। দেশে এসে শুধু ভয়েস দিয়েছি। তবে ভালো গান করতে আমার চেষ্টার কোনো ত্রুটি ছিল না। আমার ধারণা, এই অ্যালবামগুলোর গান শ্রোতাদের আনন্দ দেবে। আমি শুধু সুরের গান করার চেষ্টা করেছি।’

() / / - , - , () , info@amardeshonline.com () ,